



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৪৮

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২১ মে ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৪৫ তম কমিশন সভা অদ্য ২১/০৫/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. মার্কেটাইল ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর ৩০০ কোটি টাকার Unsecured Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Unsecured, Non-convertible, Unlisted, Fully Redeemable Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে সম্পূর্ণভাবে অবসায়ন (full redemption) হবে, যা শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে মার্কেটাইল ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। মার্কেটাইল ব্যাংক লিঃ এর উক্ত বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসেবে গ্রীপ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ কাজ করছে।
২. রূপালি ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর ৬০০ কোটি টাকার Unsecured Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Unsecured, Non-convertible, Unlisted, Fully Redeemable Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা শুধুমাত্র প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে রূপালি ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। রূপালি ব্যাংক লিঃ এর উক্ত বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসেবে গ্রীপ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ কাজ করছে।



মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।